



স্বাপ্নিক

তালের বীজ রোপন প্রকল্প

তারিখঃ ১৬/১০/২০২৩

তীব্র তাপদাহে অতিষ্ঠ পুরো দেশ। নির্বিচারে বৃক্ষ কর্তনই পরিবেশের ভারসাম্য নষ্ট করার মূল দাবিদার। সেই সাথে বৈরী প্রকৃতিতে নিয়মিত বড়, জলোচ্ছ্বাস আর বজ্রপাতের তীব্র সংযোজন। ব্যাপক পরিমাণে বৃক্ষরপনই এই সমস্যার সবচেয়ে বড় এবং সাধনযোগ্য সমাধান। তাই পরিবেশ রক্ষার্থে স্বাপ্নিক পরিবারের পক্ষ থেকে এবার বিভিন্ন রাস্তার ধার ধরে তালের আটি (বীজ) রোপন করা হয়।

১৫তারিখ সকাল ৯.৩০ ঘটিকায় “স্বাপ্নিক” এর অফিসের সামনে থেকে যাত্রা শুরু করে প্রায় ১০.৩০ ঘটিকায় স্বাপ্নিকের টিম পৌঁছে যায় তাদের গন্তব্য পূর্বে নির্ধারিত স্থান “বালিয়াখালি শ্মশান ঘাট” এলাকায়। প্রায় ১৭ সদস্য বিশিষ্ট একটা দল ৩.৩০ ঘন্টায় প্রায় ৫০০ টি তালের বীজ রোপন শেষ করে বালিয়াখালি শ্মশান ঘাট সহ তার আসে পাশের এলাকা সমূহে। যা কুশাডাঙ্গা অবদা রাস্তা পর্যন্ত এসে শেষ হয়।

এই প্রজেক্টে কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করে “স্বাপ্নিক” এর স্কুল কলেজ শাখার নিয়মিত সদস্য পিংকি মন্ডল ও সহকারী কো-অর্ডিনেটরের দায়িত্বে ছিলেন স্বাপ্নিক এর এক্সিকিউটিভ সদস্য রাজীব বালা। উল্লেখ্য এই প্রজেক্টে যাতায়াত খরচ সহ আর কোনো রকমের খরচ গাছের বীজ ক্রয়ে ব্যয় করা হয়নি। কারণ তালের বীজ ছিলো স্বাপ্নিকের সদস্যদের দ্বারা গ্রাম থেকে সংগৃহীত।

সঠিক পরিচর্যা ও উপযুক্ত পরিবেশ পেলে গাছ গুলো পরিবেশ রক্ষায় রাখবে অসামান্য ভূমিকা এবং স্বাপ্নিক আরো এক ধাপ এগিয়ে যাবে তার কাম্বিত লক্ষ্যে।

প্রতিবেদক

জয়ানন্দ মন্ডল

১৬/১০/২০২৩

অনার্স শাখা, স্বাপ্নিক